

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়
নেত্রকোণা।

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০৯/২০২৪

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.০৬.০০২.২৫- ৭২৪
'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৬' এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ এর স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ তারিখ: ২৭/০৮/২০২৬ খ্রি. মোতাবেক নেত্রকোণা জেলার ১০ (দশ)টি উপজেলার প্রতিটি ইউনিয়ন/পৌরসভায় বিদ্যমান ডিলারের পাশাপাশি ১ (এক) জন করে নতুন ডিলার দ্রুত নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	উপজেলার নাম	ইউনিয়ন ও পৌরসভার সংখ্যা	ইউনিয়ন ও পৌরসভার নাম
১	নেত্রকোণা সদর	১৩ টি	নেত্রকোণা পৌরসভা, মৌগাতী, মেদনী, ঠাকুরাকোনা, সিংহের বাংলা, আমতলা, লক্ষ্মীগঞ্জ, কাইলাটী, দক্ষিণ বিশিউড়া, চল্লিশা, রৌহা, কালিয়ারা গাবরাগাতী, মদনপুর।
২	পূর্বধলা	১১ টি	হুগলা, ঘাগড়া, জারিয়া, ধলামূলগাঁও, পূর্বধলা, আগিয়া, বিশকাকুনি, খলিশাউড়, নারান্দিয়া, গোহালাকান্দা, বৈরাটি।
৩	দুর্গাপুর	৮ টি	দুর্গাপুর পৌরসভা, কুল্লাগড়া, দুর্গাপুর, চণ্ডীগড়, বিরিশিরি, বাকালজোড়া, কাকৈরগড়া, গাঁওকান্দিয়া।
৪	কলমাকান্দা	৮ টি	কলমাকান্দা, নাজিরপুর, পোগলা, বড়খাপন, লেংগুড়া, খারনৈ, কৈলাটি, রংছাতি।
৫	মোহনগঞ্জ	৮ টি	মোহনগঞ্জ পৌরসভা, বড়কাশিয়া বিরামপুর, বড়তলী বানিহারী, তেঁতুলিয়া, মাঘান সিয়াধার, সমাজ সহিলদেও, সুয়াইর, গাগলাজুর।
৬	বারহাট্টা	৭ টি	বাউসী, সাহতা, বারহাট্টা, আসমা, চিরাম, সিংধা, রায়পুর।
৭	কেন্দুয়া	১৪ টি	কেন্দুয়া পৌরসভা, আশুজিয়া, দলপা, গড়াডোবা, গড়া, সান্দিকোণা, মাসকা, বলাইশিমুল, নওপাড়া, কান্দিউড়া, চিরাং, রোয়াইলবাড়ি আমতলা, পাইকুড়া, মোজাফরপুর।
৮	আটপাড়া	৭ টি	স্বরমুশিয়া, শুনই, লুনেশ্বর, বানিয়াজান, তেলিগাতী, দুওজ, সুখারী
৯	মদন	৯ টি	মদন পৌরসভা, কাইটাইল, চানগাঁও, মদন, গোবিন্দশ্রী, মাঘান, তিয়শ্রী, নায়েকপুর, ফতেপুর।
১০	খালিয়াজুরী	৬ টি	মেন্দীপুর, চাকুয়া, খালিয়াজুরী, নগর, কৃষ্ণপুর, গাজীপুর
	মোট	৯১ টি	

শর্তাবলী :

- 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
- আবেদনকারীদের নির্দিষ্ট ইউনিয়ন/পৌরসভার বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।
- আবেদনকারীর যোগ্যতা:
 - আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
 - সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভায় কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাদ্যের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
 - বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
 - আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৫


৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
৮. আবেদনকারীর টিআইএন (TIN) থাকতে হবে।

(ঘ) আবেদনকারীর অযোগ্যতা:

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না; এবং
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের আবেদন করতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।
৬. সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:
১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;
২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে;
 - (ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
 - (খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;
 - (গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
 - (ঘ) দোকান ও গুদাম পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;
 - (ঙ) ব্যাংক সঞ্চলতার সাম্প্রতিক সনদ;
 - (চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
 - (ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।
৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণদিসহ) দাখিল করতে হবে;
৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;
৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।
- (চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থানঃ
 ১. আবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;
 ২. আবেদন পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা/উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নেত্রকোণা।

(বিঃদ্র: কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।)


 মোঃ আমিনুল ইসলাম
 সদস্য সচিব
 জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
 এবং
 উপপরিচালক
 কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
 খামারবাড়ি, নেত্রকোণা।


 খন্দকার মুশফিকুর রহমান
 সভাপতি
 জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
 এবং
 জেলা প্রশাসক, নেত্রকোণা।

স্মারক নং- ১২.১৭.৭২৭৪.০৪১.০৬.১০১.২৬- ২০৭৬(২৬)

তারিখ: ০১/০৯/২০২৬ খ্রি:।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব ব্যারিস্টার কায়সার কামাল, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০১ (সদয় অবগতির জন্য)
২. জনাব মো: আনোয়ারুল হক, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০২ (সদয় অবগতির জন্য)
৩. জনাব রফিকুল ইসলাম হিলালী, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০৩ (সদয় অবগতির জন্য)
৪. জনাব মো: লুৎফুজ্জামান বাবর, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০৪ (সদয় অবগতির জন্য)
৫. জনাব মাছুম মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০৫ (সদয় অবগতির জন্য)
৬. জনাব মানসুরা আক্তার, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-২৬, নেত্রকোণা (সদয় অবগতির জন্য)
৭. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নেত্রকোণা
৮. পুলিশ সুপার, নেত্রকোণা
৯. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), নেত্রকোণা
১০. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নেত্রকোণা
১১. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা
১২. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, ময়মনসিংহ
১৩. উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, নেত্রকোণা
১৪. কৃষি বিপণন কর্মকর্তা, নেত্রকোণা
১৫. জেলা বীজ প্রত্যয়ন অফিসা, বীজ প্রত্যয়ন এজেন্সী, নেত্রকোণা
১৬. উপপরিচালক, বিআরডিবি, নেত্রকোণা
১৭. জেলা সমবায় অফিসার, নেত্রকোণা
১৮. উপজেলা কৃষি অফিসার.....(সকল), নেত্রকোণা
১৯. সহকারী ব্যবস্থাপক(বানিজ্যিক), ইনচার্জ, বিসিআইসি বাফার গুদাম, নেত্রকোণা
২০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, নেত্রকোণা (গণবিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে প্রচারের অনুরোধ করা হলো)
২১. সভাপতি, প্রেসক্লাব, নেত্রকোণা
২২. সভাপতি, চেম্বার অব কমার্স, নেত্রকোণা
২৩. বর্ডার গার্ড প্রতিনিধি, ১১-রাইফেল ব্যাটেলিয়ান, পারলা, নেত্রকোণা
২৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন (বিএফএ), নেত্রকোণা
২৫. জনাব, বজলুর রহমান পাঠান, কৃষক প্রতিনিধি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নেত্রকোণা
২৬. সভাপতি, জেলা বীজ ডিলার এসোসিয়েশন, নেত্রকোণা
২৭. সম্পাদক/প্রকাশক, আপনার বহল প্রচারিত “দৈনিক দিনকাল” পত্রিকায় (১৩×৪) মাপ অনুযায়ী আগামী ০২/০৯/২০২৬খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করে বিজ্ঞপ্তি ৩ (তিন) কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

মোঃ আমিরুল ইসলাম
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ও
সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নেত্রকোণা